

তাৰিখ ... 04 MAR 1991

পৃষ্ঠা ... 4 কলাম ... 1

দৈনিক বাংলা

৭ই মার্চ থেকে শিক্ষা সপ্তাহ শুরু

আগামী ৭ই মার্চ থেকে ১ই মার্চ, জেলা, ১৩ই মার্চ থেকে ১৫ই মার্চ বিভাগীয় এবং জুন মাসের প্রথম সপ্তাহে জাতীয় পর্যায়ে শিক্ষা সপ্তাহ উদযাপিত হবে। এবারের শিক্ষা সপ্তাহের মূল বক্তব্য "শিক্ষা ও গণতন্ত্র"। ইতিমধ্যেই শিক্ষা সপ্তাহ ১১ উদ্যাপনের জন্য বিভাগীয় ও জেলা পর্যায়ে কার্য নির্বাচী কমিটি গঠিত হয়েছে।

জেলা পর্যায়ে একটি শ্রেষ্ঠ মহাবিদ্যালয়, একটি শ্রেষ্ঠ মাধ্যমিক বালক বিদ্যালয়, একটি শ্রেষ্ঠ বালিকা বিদ্যালয় ও একটি মাদ্রাসা নির্বাচন করা হবে। জেলা নির্বাচী কমিটি মহাবিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা পর্যায়ে একজন করে ৩ জন শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন করবে। জেলা পর্যায়ে ৬ষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত এক গ্রন্থ এবং একাদশ শ্রেণী হতে তদুর্ধর বয়সের জন্য অন্য একটি গ্রন্থ কেরাত, বির্তক, উপস্থিত বক্তৃতা, সংবীলন সংগীত, নজরল সংগীত, আধুনিক গান, লোকসংগীত, উচাল সংগীত, ঝুঁস সংগীত ও নৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এছাড়া শিক্ষা ও গণতন্ত্র অধ্বৰা শিক্ষা সক্রান্ত কোন বিষয়ে সেবিনার অধ্বৰা সিস্টেমিয়াম এবং এ বিষয়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

বিভাগীয় কমিটি বিভিন্ন জেলা হতে প্রাণ ফ্লাফলের ভিত্তিতে ৩টি শ্রেষ্ঠ মহাবিদ্যালয়, ৩টি শ্রেষ্ঠ মাদ্রাসা ও ৩টি বালিকা বিদ্যালয়সহ মোট ৯টি শ্রেষ্ঠ মাধ্যমিক বিদ্যালয় নির্বাচন করবে। ঢাকা বিভাগীয়, কমিশনারের মাধ্যমে ঢাকা মেটোপলিটন এলাকা হতে ৩টি মহাবিদ্যালয়, ৩টি বালক বিদ্যালয়, ৩টি বালিকা বিদ্যালয় ও ৩টি মাদ্রাসা নির্বাচন করা হবে। বিভাগীয় কমিটি মহাবিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা পর্যায় হতে ১৯জন করে ২৭ জন এবং ঢাকা মহানগরী হতে ২ জন করে ৬ জন শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন করে জাতীয় পর্যায়ে বিবেচনার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদলের মহাপরিচালকের নিকট প্রেরণ করবে।

এছাড়া জেলা পর্যায়ে বিভিন্ন বিষয়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় শ্রেষ্ঠ প্রতিযোগীদের নিয়ে বিভাগীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিভাগীয় কমিটি এসব বিষয়ে প্রথম ও দ্বিতীয় স্থান অর্জনকারী ছাত্র-ছাত্রীদের মাঝে জাতীয় পর্যায়ে প্রতিযোগিদাতার্য অংশ গ্রহণের জন্য শিল্পকলা একাডেমীর মহা-পরিচালকের নিকট প্রেরণ করবে। শিল্পকলা একাডেমী, জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা, অনুষ্ঠান, ও প্রক্রিয়া পদান্তরে ব্যবস্থা করবে। অবৰ তথ্য বিবরণীর।